

সুনান আত তিরমিজী (ইসলামিক ফাউন্ডেশন)

হাদিস নাম্বারঃ ৪০১

২/ সালাত (নামায) (১ হান্)

পরিচ্ছেদঃ ফজরের সালাতে দু'আ কুনুত পাঠ করা।

باب مَا جَاءَ فِي الْقُنُوتِ فِي صَلاَةِ الْفَجْرِ

আরবী

حَدَّثَنَا قُتَيْبَةُ، وَمُحَمَّدُ بْنُ الْمُثَنَّى، قَالاَ حَدَّثَنَا غُنْدَرُ، مُحَمَّدُ بْنُ جَعْفَرٍ عَنْ شُعْبَةَ، عَنْ عَمْرِو بْنِ مُرَّةَ، عَنْ عَبْدِ الرَّحْمَنِ بْنِ أَبِي لَيْلَى، عَنِ الْبَرَاءِ بْنِ عَازِبٍ، أَنَّ النَّبِيَّ صلى الله عليه وسلم كَانَ يَقْنُتُ فِي صَلاَةِ الصَّبْحِ وَالْمَغْرِبِ. قَالَ وَفِي الْبَابِ عَنْ عَلِي وَأُنسٍ عليه وسلم كَانَ يَقْنُتُ فِي صَلاَةِ الصَّبْحِ وَالْمَغْرِبِ. قَالَ وَفِي الْبَابِ عَنْ عَلِي وَأُنسٍ وَخُفَاف بْنِ إِيمَاءَ بْنِ رَحْضَنَةَ الْغِفَارِيِّ. قَالَ أَبُو عِيسَى حَدِيثُ وَأَبِي هُرَيْرَةَ وَابْنِ عَبَّاسٍ وَخُفَاف بْنِ إِيمَاءَ بْنِ رَحْضَنَةَ الْغِفَارِيِّ. قَالَ أَبُو عِيسَى حَدِيثُ الْبَرَاءِ حَدِيثُ حَسَنٌ صَحِيحٌ. وَاخْتَلَفَ أَهْلُ الْعِلْمِ فِي الْقُنُوتِ فِي صَلاَةِ الْفَجْرِ فَرَأَى الْبَكِ عَلْمِهُمُ الْقُنُوتِ فِي صَلاَةٍ الْفَجْرِ فَرَأَى بَعْضُ أَهْلُ الْعِلْمِ مِنْ أَصْحَابِ النَّبِيِّ صلى الله عليه وسلم وَغَيْرِهِمُ الْقُنُوتَ فِي صَلاَةِ الْفَجْرِ وَهُوَ قَوْلُ مَالِكٍ وَالشَّافِعِيِّ . وَقَالَ أَحْمَدُ وَإِسْحَاقُ لاَ يَقْنُتُ فِي الْفَجْرِ إِلاَّ عِنْدَ نَازِلَةٍ تَنْزِلُ بِالْمُسْلِمِينَ فَإِذَا نَزَلَتْ نَازِلَةٌ فَلِلإِمَامِ أَنْ يَدْعُو لِجُيُوشِ الْمُسْلِمِينَ .

বাংলা

৪০১. কুতায়বা ও মুহাম্মাদ ইবনুল মূসান্না (রহঃ) বারা ইবনু আযিব রাদিয়াল্লাহু আনহু থেকে বর্ণিত যে, তিনি বলেনঃ নবী সাল্লাল্লাহু আলাইহি ওয়াসাল্লাম ফজর ও মাগরিবের সালাতে দু'আ কুনূত পাঠ করতেন। - মুসলিম, তিরমিজী হাদিস নম্বরঃ ৪০১ [আল মাদানী প্রকাশনী]

এই বিষয়ে আলী, আনাস, আবূ হুরায়রা, ইবনু আব্বাস, খুফাফ ইবনু আয়মা ইবনু রাহমা আল-গিফারী রাদিয়াল্লাহ্ আনহুম থেকে রিওয়ায়াত বর্ণিত আছে। ইমাম আবূ ঈসা তিরমিয়ী (রহঃ) বলেনঃ বারা রাদিয়াল্লাহ্ আনহু বর্ণিত হাদীসটি হাসান-সহীহ। ফজরের সালাতে দু'আ কুনৃত পাঠ করা সম্পর্কে আলিমগণের মতবিরোধ রয়েছে। রাসূল সাল্লাল্লাহ্ আলাইহি ওয়াসাল্লাম-এর কতক সাহাবী ও অপরাপর কতক আলিমগণ ফজরের সালাতে দু'আ কুনৃত পাঠের পক্ষে অভিমত দিয়েছেন। ইমাম শাফিঈ (রহঃ)-এর অভিমতও এ-ই। ইমাম আহমদ ও ইসহাক (রহঃ) বলেনঃ মুসলিমদের উপর কোন বিপদ আপতিত হলে ইমামুল মুসলিমীন ফজরের সালাতে দু'আ কুনৃতের মাধ্যমে মুসলিম বাহিনীর জন্য দু'আ করবেন। তাছাড়া ফজরের সালাতে দু'আ কুনৃত নাই।



English

Al-Bara bin Azib narrated:

"The Prophet (S) would perform the Qunut in the Subh and Maghrib prayers."

হাদিসের মান: সহিহ (Sahih) পুনঃনিরীক্ষিত

পাবলিশারঃ ইসলামিক ফাউন্ডেশন 🛘 বর্ণনাকারীঃ বারা আ ইবনু আযিব (রাঃ)

